



ফায়ার সার্ভিসের অনুমতি ছাড়াই নির্মিত টুপটুপ রিসোর্ট: ডিজি



ছবি: সংগৃহীত

কক্সবাজারের ইনানীতে টুপটুপ রিসোর্ট ফায়ার সার্ভিসের অনুমতি ছাড়াই নির্মাণ করা হয়েছিল বলে জানিয়েছেন সংস্থাটির মহাপরিচালক (ডিজি) ব্রিগেডিয়ার জেনারেল সুলতানুল আফরীন জুনাইদ। তাঁর ভাষ্য, পর্যটন এলাকার অনেক ইকো রিসোর্টই অগ্নিনিরাপত্তার ছাড়পত্র ছাড়াই পরিচালিত হচ্ছে। শনিবার (১৭ অক্টোবর) রিসোর্টটিতে অগ্নিকাণ্ডের বিষয়ে তিনি বলেন, অধিকাংশ রিসোর্ট নির্মাণের সময় ফায়ার সার্ভিসের তদারকি নেওয়া হয়নি এবং অগ্নিনিরাপত্তার ছাড়পত্রও সংগ্রহ করা হয়নি। টুপটুপ রিসোর্টের নিচতলায় খাবার তৈরি করা হতো। সেখানে দুর্ঘটনাবশত আগুনের সূত্রপাত হয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। ফায়ার সার্ভিসের মহাপরিচালক জানান, এ পর্যন্ত রিসোর্টটি থেকে ছয়টি মরদেহ উদ্ধার করা হয়েছে। রিসোর্টটির কোনো ফায়ার লাইসেন্স ছিল না। এ বিষয়ে গত জুন মাসেও নোটিশ দেওয়া হয়েছিল। তিনি আরও জানান, ফায়ার সার্ভিসের সংশ্লিষ্ট কেন্দ্র থেকে রিসোর্টটির দূরত্ব প্রায় ২২ কিলোমিটার। এ ধরনের দুর্ঘটনা ঠেকাতে স্থানীয় প্রশাসনকে অবহিত করা হবে বলে জানান তিনি। পাশাপাশি স্থানীয় পর্যটন কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় করে পর্যটন এলাকার রিসোর্টগুলোর নিরাপত্তা ও অনুমোদনের বিষয়গুলো নিয়ে আলোচনা করা হবে।